

## চিঠি

চিঠিপত্র

## শিক্ষকতায় বেতনবৈষম্য

লেখা: রাফি আহমেদ

প্রকাশ: ২৭ ডিসেম্বর ২০২৪, ২০: ০৩



আমি ১৩তম গ্রেডের একজন সহকারী শিক্ষক। সর্বসাকল্যে যা বেতন পাই, তা দিয়ে পাঁচ সদস্যের পরিবার নিয়ে ৩০ দিন চলা খুবই কষ্টসাধ্য।

আমি গ্রামে থাকি। সরকার আমাকে এমন একটি অঞ্চলে পদায়ন করেছে, যা আমার বাড়ি থেকে ২২ কিলোমিটার দূরে। হাতিয়া উপজেলার ২১৬টি বিদ্যালয়ের মধ্যে ৭টি দুর্গম অঞ্চলের একটিতে আমাকে পদায়ন করা হয়েছে।

প্রথম আলোতে ‘সরকারি চাকরির বেতনবৈষম্য কমাতে কে’—এই কলাম পড়ে উপলব্ধি করলাম, আমাদের বৈষম্য নিয়ে কেউ একজন ভাবছেন, চিন্তা করেছেন ও লিখেছেন।

আমাদের বিশ্বাস, সরকারি চাকরিতে নিচের গ্রেডের যে বেতনবৈষম্য, তা নিয়ে প্রথম আলোয় আরও লেখা প্রকাশিত হবে।

রাফি আহমেদ, বরিশাল

